

## অভিবাসী কর্মী নিবন্ধন বিধিমালা প্রণয়ন সংক্রান্ত সভা

প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ২১ সেপ্টেম্বর ২০১৭ সকাল ১০.৩০ টায় “অভিবাসী কর্মী নিবন্ধন বিধিমালা প্রণয়ন” সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি’র সভাটি সভাপতিত্ব করেন। বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩ এর ধারা ৪৭ ও ১৯ এর আলোকে অভিবাসী কর্মী নিবন্ধন বিধিমালা প্রণয়ন সংক্রান্ত খসড়া বিধিমালা নিয়ে সভায় আলোচনা হয়। অভিবাসী কর্মী নিবন্ধন বিধিমালা চূড়ান্তের লক্ষ্যে সভায় একটি কমিটিও গঠন করা হয়।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে বাংলাদেশ হতে অভিবাসন করতে আগ্রহী ব্যক্তির নিবন্ধন ও নিবন্ধনমুক্ত হওয়ার প্রক্রিয়া, পদ্ধতি ও শর্তাবলী নিয়ন্ত্রণ করা এবং অভিবাসী কর্মীদের কর্মসংস্থান বৃদ্ধির উদ্দেশ্যে কর্মসংস্থানের ক্ষেত্রে মধ্যস্থতা, পেশাগত শ্রেণীকরণ ও প্রত্যয়ন নিয়ন্ত্রণ করার লক্ষ্যে অভিবাসী কর্মী নিবন্ধন বিধিমালা প্রণয়ন করা হবে। সভায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ, দপ্তর ও সংস্থার প্রধানগণ এবং আইএলও এর ন্যাশনাল প্রোগাম অফিসার উপস্থিত ছিলেন।